



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড বরিশাল

স্মারক নং- বশিবো/বিঅ/ ভোলা/২০১৫/২৩৬৬

তারিখঃ ০১/০৬/২০১৫

বিষয় : ভোলা জেলার চরফ্যাশন উপজেলাধীন চরফ্যাশন মডেল নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ে পর্যায়ক্রমে মাধ্যমিক স্তরে পাঠদানের অনুমতি প্রদান।

সূত্র : (১) শিম/শাঃ ৩৭.০০.০০০০.০৭৩.৩৩.০৪০.১২/২৬৩

তারিখ : ০৮/০৯/২০১৪ ইং

(২) পরিদর্শনকারী কর্মকর্তা পরিদর্শন প্রতিবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, চরফ্যাশন মডেল নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ে নিম্ন বর্ণিত শর্তাবলী পূরণ সাপেক্ষে ০১/০১/২০১৫ থেকে ৩১/১২/২০১৬ ইং তারিখ পর্যন্ত ০২(দুই) বছরের জন্য পর্যায়ক্রমে মাধ্যমিক স্তরে পাঠদানের অনুমতি প্রদান করা হলো। এই অনুমতি বাতিল/স্থগিত করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

আরোপিত শর্তসমূহ :

- ০১। এসেম্বলী অনুষ্ঠান ও জাতীয় সংগীত পরিবেশনের মাধ্যমে বিদ্যালয়ের কার্যক্রম শুরু করতে হবে।
- ০২। শিক্ষক নিয়োগের ক্ষেত্রে এন টি আর সি এ -২০০৫ অনুসরণ করতে হবে।
- ০৩। এস/বি/এ পদ্ধতি ও সৃজনশীল লেখা পড়া সম্পর্কে শিক্ষার্থীদের মনোযোগী করে তুলতে হবে।
- ০৪। বার্ষিক পাঠপরিকল্পনা অনুযায়ী পাঠদান করতে হবে।
- ০৫। বিদ্যালয়ে নিয়মিত সাপ্তাহিক পরীক্ষা নিশ্চিত করতে হবে।
- ০৬। বিদ্যালয়ের হিসাব নিকাশ ও তৎসংশ্লিষ্ট রেকর্ডপত্র যথাযথভাবে লেখা ও সংরক্ষণ করতে হবে।
- ০৭। এই পাঠদানের অনুমতিকে কোন ভাবেই স্বীকৃতি বলে গন্য করা যাবে না।
- ০৮। পাঠদানের অনুমতি নবায়ন করা না হলে উক্ত অনুমতি সয়ংক্রিয়ভাবে বাতিল বলে গণ্য হবে।
- ০৯। প্রবিধানমালা/২০০৯ অনুসরণ পূর্বক পরিচালনা কমিটি গঠন করতে হবে।
- ১০। লাইব্রেরিতে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির বইএর সংখ্যা আরো বৃদ্ধি করতে হবে।
- ১১। শিক্ষার্থীর সংখ্যা আরো বৃদ্ধি করতে হবে।
- ১২। নিয়োগকৃত শিক্ষক কর্মচারীর বেতন ভাতা প্রতিষ্ঠানের নিজস্ব তহবিল হতে পরিশোধ করতে হবে।



মোঃ আবুল বশার তালুকদার

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
বরিশাল



প্রধান শিক্ষক

চরফ্যাশন মডেল নিম্ন মাধ্যমিক বিদ্যালয়

ডাক : চরফ্যাশন, উপজেলা : চরফ্যাশন, ভোলা।

জ্ঞাতার্থে অনুলিপি প্রেরিত হ'লঃ

- ০১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। মহা পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, বাংলাদেশ, ঢাকা।
- ০৩। পরিচালক ব্যানবেইস- ১, সোনারগাঁও রোড, ঢাকা।
- ০৪। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, বরিশাল